১৩৮ নং

তাল—একতালা

সোনার গুরুচাঁদ ছেড়ে গেছে নিজ দেশে ।
ও তার---বিচ্ছেদ-বিরহ দাহে জীবন জার্‌ল বিষে ।।
১। ভরা গাঙ্গে জীর্ণ তরী, গুরুচাঁদ তার রয় কাণ্ডারী,
বান্ধব রে ।
ও সে কাণ্ডারী ছাড়লো তরী এখন বাঁচি কিসে ।।
২। দরদী বান্ধব আর কেহ নাই,
বল দেখি দেই আর কা'র দোহাই, বান্ধব রে !
বান্ধবহারা পোড়া দেশে, থাক্‌বো কা'র আশে ।।
৩। না জানি অপরাধকত ছেড়ে গেলপ্রাণনাথ বান্ধব রে !
এখন দিন চলে যায় রাত্রি কাটে হাই হুতাশে ।।
৪। চাঁদ যদি আজ ছেড়ে গেল, বেঁচে থেকে কি লাভ বল,
বান্ধব রে ।
মরণ আমার বান্ধব হ'ত যদি নিত এসে ।।
৫। গোপালচাঁদ আজ কয় না কথা,
ও তার নয়ন ঝরে বুকে ব্যথা বান্ধব রে ।
ওরে মহানন্দ খুঁজিস্ বৃথা বান্ধব আর কি আসে ।।
---মহানন্দ হালদার

তাল—একতালা রাগিনী—ঝিঝিট

আমার কথায় আমায় করিবে করুণা,
এমন কথা কবে আছে গো আমার ।
তোমার কথায় আমায় করিবে করুণা,
করুণা নিদান মাহিমা তোমার ।।